সংবাদ

তারিখ 10 SEP 2013
পৃষ্ঠা ১৪ কলাম ১

এনসিটিবির বইয়ের পাশাপাশি

ইংরেজি গ্রামার ও বাংলা ব্যাকরণ প্রকাশের সুযোগ দাবি প্রকাশকদের

নিজস্ব বার্তা পরিবেশক

এনসিটিবি প্রস্তাবিত বইয়ের পাশাপাশি প্রকাশকরা যাতে ইংরেজি গ্রামার, বাংলা ব্যাকরণ ও সংশ্লিষ্ট বিভিন্ন রেফারেন্স গ্রন্থ প্রকাশ করতে পারে সে সুযোগ রেখে প্রস্তাবিত শিক্ষা আইন-২০১৩ এর ইউনেস্কো বাংলা উপধারা বাতিলের দাবি জানিয়েছেন বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির নেতারা। এ দাবি জানিয়ে গতকাল বুধবার ঢাকা জেলা প্রশাসনের (ডিসি) কাছে স্মারকলিপি দিয়েছেন। সংগঠনের সভাপতি আলমগীর সিকদার লোটনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল এ স্মারকলিপি দেয়। একইদিনে দেশের অন্য জেলা প্রশাসকদের কাছেও স্মারকলিপি দেয়া হয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

ঢাকার ডিসির কাছে স্মারকলিপি দেয়ার সময় সংগঠনের সহ-সভাপতি শামছুল গোলাম কবির, কামরুল ই-আলম প্রধান, সিনিয়র সাবেক আলমগীর হোসেন, ওয়াহিদুজ্জামান সরকার কামাল, পরিচালক বাহাউদ্দিন ভূঁইয়া, শ্যামল পাল, নেসার উদ্দিন আয়ুব, সিকদার আবুল বাশার, রাজধানী শাখার সাধারণ সম্পাদক শামসুল ইসলাম বাহার, সদস্য সচিব আরিফ হোসেন খোকন ও জাতীয় সংগঠক ইসলাম বুলবুল প্রমুখ উপস্থিত ছিলেন। সংগঠনের নেতারা বলেন, প্রস্তাবিত আইনে বিশ্ব ধারা-উপধারা বাতিল না হলে প্রকাশকরা অনুশীলনমূলক পাঠ্যপুস্তক বই প্রকাশ করতে পারবেন না। এতে প্রকাশনা শিল্পের সঙ্গে জড়িত ছাপাখানা, বাঁধাই কারখানা, বই বিক্রেতা এবং প্রকাশনা সংশ্লিষ্ট কর্মীরা কর্মহীন হবে এবং এ শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট প্রায় ২৫ লাখ লোক বেকার হয়ে যাবে।